দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 JAN 1989
পৃষ্ঠা 3 কলাম 4

6

001

## এসএসসি পরীক্ষার ফি ১৪ শত টাকা অভিভাবকদের দুর্গতি

নোয়াখালী, ৪ঠা জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)—এই জেলার অধিকাংশ অভিভাবক তাহাদের সন্তানদের এসএসসি পরীক্ষার 'ফি'র টাকা যোগাড় করিতে হিমসিম খাইতেছেন। জেলার বিভিন্ন হাইস্কুলে এই ফি ৭ শত হইতে হাজার টাকা আবার কোন কোন স্কুলে বিভিন্ন তহবিল ও কোচিং দেখাইয়া ১৪ শত টাকা পর্যন্ত 'ফি' ধার্য করা হইয়াছে। দরিদ্র অভি-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

### এসএসসি পরীক্ষার 'ফি'

(৩য় পৃঃ পর)

ভাবকরা ঐ ফি'র টাকা জোগার করিতে বাড়ী বাড়ী ধরনা দিতে আবার অনেকে গরু-ছাগল ও মালামাল বিক্রয় করিতে বাধ্য হইতেছেন।